

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, ঝিনাইদহ।
<http://doict.jhenaidah.gov.bd>

উপজেলা কার্যালয়ের কর্মকর্তাগণের সাথে সেপ্টেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী


সভাপতি	মোঃ তাহনিয়াতুল ইসলাম প্রোগ্রামার
সভার তারিখ	২১-০৯-২০২৩ খ্রিঃ
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয় অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য

উপস্থিত উপজেলা কার্যালয়ের কর্মকর্তাগণের সাথে মাসিক সমন্বয় সভা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ঝিনাইদহ সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে সভার নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়;

আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১। গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ : সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার কর্তৃক অক্টোবর ২০২৩ মাস অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি অনুমোদিত হলো।	
০২। শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন সংক্রান্ত: সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার বলেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ঝিনাইদহ জেলায় দুইটি পর্যায়ে ১২২টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ০৪টি স্কুল অফ ফিউচারসহ ১২৬ ল্যাব স্থাপন করা হয়েছে। সেপ্টেম্বর ২০২৩ মাসে জেলা ও উপজেলায় সর্বমোট ৩০টি ল্যাব পরিদর্শন করা হয়েছে। সভাপতি মহোদয় জানান যে, ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রতি মাসের প্রথম সপ্তাহে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	১) ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। ২) সহকারী প্রোগ্রামারগণ কর্তৃক SRDL পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে। ৩) SRDL এর শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম তদারকি করতে হবে।	প্রোগ্রামার, ঝিনাইদহ/ সহকারী প্রোগ্রামার(সকল) / স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান।

<p>০৩। “সুরক্ষা” APPs: প্রোগ্রামার, ঝিনাইদহ বলেন যে, কোভিড-১৯ টিকার নিবন্ধনের জন্য আইসিটি বিভাগ কর্তৃক তৈরীকৃত “সুরক্ষা” সিস্টেম ব্যবহার করা হচ্ছে। টিকা গ্রহণকারী ব্যক্তিদের প্রমাণক থাকা শর্তে ভুল তথ্য সংশোধন এবং উপজেলায় সুরক্ষা সংশোধন রেজিস্টার তৈরি করে আবেদন গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>১) টিকা গ্রহণকারী তথ্য সংশোধন করতে হবে ২) উপজেলায় সংশোধনের জন্য রেজিস্টার তৈরি করতে হবে।</p>	<p>প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ।</p>
<p>০৪। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন সংক্রান্ত : বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন নিয়মিত জেলা কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। সভাপতি মাঠ পর্যায়ে সকল সহকারী প্রোগ্রামারগণকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে গুরুত্বআরোপ করেন।</p>	<p>১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন নিয়মিত জেলা কার্যালয়ে প্রেরণ। ২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ক্যালেন্ডার তৈরি করতে হবে।</p>	<p>সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ।</p>
<p>০৫। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: সভায় জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রতি মাসের প্রথম সপ্তাহে ওয়েব পোর্টাল হালনাগাদ প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>১) উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদকরণে সহায়তা করতে হবে। ২) প্রতিমাসে হালনাগাদ প্রতিবেদন প্রেরণ করতে হবে।</p>	<p>সহকারী প্রোগ্রামার (সকল), ইউপি সচিব (সকল), ঝিনাইদহ।</p>
<p>০৬। ডি-নথি কার্যক্রমের অগ্রগতি : সভাপতি ডি-নথির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসে ডি-নথি ব্যবহারে কারিগরি পরামর্শ্য প্রদান করতে হবে।</p>	<p>ডি-নথি ব্যবহারে কারিগরি পরামর্শ্য প্রদান করতে হবে।</p>	<p>প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ।</p>
<p>০৭। সিটিজেন চার্টার এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত: সভাপতি মহোদয় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত নির্ধারিত ৮ কলামে সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে। সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।</p>	<p>সিটিজেন চার্টার ওয়েব পোর্টালে আছে কি না যাচাই করতে হবে।</p>	<p>প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সকল)</p>
<p>০৮। অন্যান্য: শেখ রাসেল কুইজ প্রতিযোগিতা ও প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন (হার পাওয়ার) প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।</p>	<p>প্রকল্প দপ্তরের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সকল)</p>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



১২-১০-২০২৩

মোঃ তাহনিয়াতুল ইসলাম

প্রোগ্রামার

+৮৮০২৪৭৭৪৬৫৭১

doict.jhenaidah@gmail.com

২৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.৪৪০০.০০০.০৬.০০১.২৩.৬০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ-পরিচালক(প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- ২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়(সকল), ঝিনাইদহ।;
- ৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ঝিনাইদহ এবং
- ৪। কম্পিউটার অপারেটর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ঝিনাইদহ।



Muhammad Ghos

১২-১০-২০২৩
মোঃ তাহনিয়াতুল ইসলাম
প্রোগ্রামার